**Updated on 13/04/2022**

# Answers to Frequently Asked Questions (FAQ)

iPeople©
innovative. intuitive. intelligent

# প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নের উত্তর:

১। লিখিত পরীক্ষা কবে এবং কোথায় হবে?

= **১৫ এপ্রিল ২০২২, শুক্রবার সকাল ১০ টায়** ঢাকার ফার্মগেটের সন্নিকটে **তেজগাঁও কলেজ**-এ লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। শুধুমাত্র যাদের সাথে প্রবেশপত্র থাকবে তাদেরকেই পরীক্ষা কেন্দ্রে ঢুকতে দেয়া হবে।

২। পরীক্ষার নিয়মাবলী কি?

= **নির্দেশাবলি:**

- পরীক্ষার সময়সীমা ৬০ মিনিটের মধ্যে ৫০টি MCQ প্রশ্নের উত্তর দিতে হবে। পূর্ণমান: ৫০।
- প্রতিটি প্রশ্নে চারটি সম্ভাব্য উত্তরের মধ্য থেকে শুধুমাত্র একটি সঠিক উত্তর চিহ্নিত করতে হবে।
- প্রদত্ত বিশেষ Answer Sheet-এ উত্তর চিহ্নিত করতে হবে। Answer Sheet-এ অন্য কোনরূপ চিহ্ন/ সংকেত দেয়া যাবে না।
- Answer Sheet-এ উত্তর চিহ্নিত করার জন্য 2B পেন্সিল বা কালো বলপয়েন্ট পেন ব্যবহার করতে হবে।
- প্রশ্নপত্রের খালি জায়গা খসড়া করার কাজে ব্যবহার করা যেতে পারে।
- পরীক্ষায় ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।
- একটি প্রশ্নের একাধিক উত্তর সঠিক হিসেবে গণ্য করা হবে না।
- উত্তর পরিবর্তনের ক্ষেত্রে পূর্বের চিহ্নটি এমনভাবে মুছতে হবে যাতে পরবর্তীতে তা একাধিক উত্তর হিসেবে গণ্য না হয়।
- প্রতিটি প্রশ্নের সঠিক উত্তরের জন্য ১ নম্বর। ভুল উত্তরের জন্য কোন নম্বর কাটা হবে না।

৩। কতজন প্রার্থী লিখিত পরীক্ষার জন্য বিবেচিত হবেন?

= নির্বাচন কমিশনের আইডিইএ (২য় পর্যায়) প্রকল্পের নিয়োগ কমিটির সিদ্ধান্ত মোতাবেক ৫০০০ আবেদনকারীর লিখিত পরীক্ষা নেয়া হবে।

৪। মোট কয়টি পরীক্ষা হবে?

= ৩ টি পরীক্ষা হবে। লিখিত পরীক্ষা, তারপর নির্বাচন কমিশনের আইডিইএ (২য় পর্যায়) প্রকল্পের নিয়োগ কমিটির সিদ্ধান্ত মোতাবেক লিখিত পরীক্ষায় কৃতকার্যদের ব্যাবহারিক ও মৌখিক পরীক্ষা।

৫। কত দিনের মধ্যে নিয়োগ দেয়া হবে?

= ঈদের পরপরই নিয়োগ দেয়ার পরিকল্পনা রয়েছে।

৬। লিখিত পরীক্ষার পরে কি করতে হবে?

= আমাদের এই অনলাইন পোর্টালে পরবর্তী নির্দেশনা জানিয়ে দেয়া হবে। লিখিত পরীক্ষায় কৃতকার্যদের ব্যবহারিক পরীক্ষার জন্য এসএমএস-এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

৭। প্রকল্পের মেয়াদ কত দিন?

= ৫ বছর।

৮। প্রতি উপজেলা তে কত জন অপারেটর নিয়োগ দেয়া হবে?

= প্রতি উপজেলা তে ১ জন করে অপারেটর নিয়োগ দেয়া হবে।

৯। মাসিক বেতন কত হবে?

| অঞ্চল/কর্মস্থল | পদের সংখ্যা | মাসিক বেতন (টাকা) |
|---|---|---|
| ঢাকা মেট্রোপলিটন এলাকা | ২০ | ১৯,১১০.০০ |
| সিটি কর্পোরেশন এলাকা (চট্টগ্রাম, খুলনা, কুমিল্লা, রাজশাহী, সিলেট, বরিশাল, রংপুর, নারায়নগঞ্জ, ময়মনসিংহ, গাজীপুর) | ২২ | ১৮,১২০.০০ |
| অন্যান্য এলাকা | ৪৭৭ | ১৭,৬৩০.০০ |